

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৩৭০. ২০১৬- ২২৫৯

তারিখ: ০৯/০৫/১৬

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৪৫৭৯/২০১৬ এর গত ১২/৪/২০১৬ তারিখের আদেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন ৩নং শালনগর ইউনিয়ন এবং ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন ২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ ও ভোটার তালিকা পুনঃবিন্যাসের জন্য বাদী-জনাব কাওসার শেখ, পিতা-মৃত ওয়াহেদ শেখ, গ্রাম-কুচিয়াগ্রাম, থানা-আলফাডাঙ্গা, জেলা-ফরিদপুর ও মোসাম্মৎ হাসনা হেনা, পিতা-মৃত মোহাম্মদ সরদার, গ্রাম-চান্দরা, গ্রাম-কামার গ্রাম, থানা-আলফাডাঙ্গা, জেলা-ফরিদপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৫৭৯/২০১৬নং রীট পিটিশন দায়ের করা হয়। মাননীয় আদালত শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী হিসেবে নোটিশ প্রদান করেন। এ ছাড়া মামলার বাদীর আবেদন আদেশ প্রাপ্তির ০১(এক) মাসের মধ্যে নিষ্পত্তি করার জন্য ২নং বিবাদী, প্রধান নির্বাচন কমিশনার মহোদয়কে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখ্য, মামলার আরজির সাথে সংযুক্ত জনাব মোঃ কাওসার শেখ ও মোসাম্মৎ হাসনা বেগম এর ১৪/১২/২০১৫ তারিখের আবেদনে নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন ৩নং শালনগর ইউনিয়ন এবং ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন ২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ ও ভোটার তালিকা পুনঃবিন্যাসের জন্য প্রধান নির্বাচন কমিশনার বরাবরে অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)। উল্লেখ্য, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩ ধারা মোতাবেক ওয়ার্ডের সীমানা নির্ধারণের এখতিয়ার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের।

০৩। এমতাবস্থায়, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন ৩নং শালনগর ইউনিয়ন এবং ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন ২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১-১৩ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণকরতঃ মামলার দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্র সত্যায়িত সহকারে (দুই সেট) জরুরি ভিত্তিতে এ বিভাগের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
৯৫৪০৯৯৫।

১। জেলা প্রশাসক
নড়াইল।

২। জেলা প্রশাসক
ফরিদপুর।

অনুলিপিঃ

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা;
- ০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৩। সিনিয়র সহকারী সচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।